গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পারসোনেল-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



সভার কার্যবিবরণী ০৪ অক্টোবর ২০২৬

সভাপতি	মোঃ মুস্তাফিজুর রহমান যুগ্মসচিব
সভার তারিখ	২৮ সেপ্টেম্বর ২০২৬
সভার সময়	দুপুর ০২টা
স্থান	জুম প্লাটফর্ম
উপস্থিতি	৬৩ জন

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (পার-৪) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি জানান, জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্ট্যান্ডার্ড সেট আপ ২০২৪ মোতাবেক অধিকাংশ জেলা সদর হাসপাতাল/জেনারেল হাসপাতাল সমূহের পদ সৃজনের প্রস্তাব পাওয়া যায়নি। । উল্লিখিত কারণে, জেলা সদর হাসপাতাল/জেনারেল হাসপাতালসমূহে স্বাস্থ্য সেবা কার্যক্রম ব্যহত হচ্ছে। এ সমস্যা দূরীকরণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী তত্ত্বাবধায়ক/সিভিল সার্জনদের প্রস্তাব প্রেরণের জন্য তিনি আহ্বান জানান। সভাপতি বলেন, পদ সৃজন কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানে মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় নির্দেশনা প্রদান করেছেন। তার নির্দেশনা বাস্তবায়নে আগামী ২৫/১০/২০২৬ তারিখের মধ্যে সকল তত্ত্বাবধায়ক/সিভিল সার্জনকে প্রস্তাব প্রেরণের আহ্বান জানান।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

১। জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্ট্যান্ডার্ড সেট আপ-২০২৪ মোতাবেক যে সকল জেলা সদর হাসপাতাল পদ সৃজনের প্রস্তাব প্রেরণ করেননি যে সকল হাসপতাল আগামী ২৫/১০/২০২৬ তারিখের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে আবশ্যিকভাবে প্রস্তাব প্রেরণ করবেন। প্রস্তাবের একটি অগ্রীম কপি স্বাস্থ্য সেবা বিভাগের পার-৪ শাখায় ডাক যোগে বা সরাসরি প্রেরণ করবেন।

২। ইতোমধ্যে যে সকল জেলা সদর হাসপাতাল স্ট্যান্ডার্ড সেট আপ-২০২৪ অনুযায়ী স্বাস্থ্য অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করেছে তার একটি ফরওয়ার্ডিং কপি পার-৪ শাখায় প্রেরণ করবেন, যার মাধ্যমে স্বাস্থ্য অধিদপ্তরের সাথে যোগাযোগ করে কাজটি ত্বরান্বিত করার উদ্যোগ গ্রহণ করা হবে।

৩। ইতোপূর্বে যারা স্ট্যান্ডার্ড সেট আপ-২০২৪ এর পূর্বে বা পরে জেলা সদর হাসপাতালের পদ সৃজনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে কিন্তু জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্ট্যান্ডার্ড সেট আপ অনুযায়ী চাহিত জনবলের পদ কর্তন করে স্বল্প সংখ্যক পদ সৃজনের অনুমোদন দিয়েছে। তারাও সৃজনকৃত পদ বাদে যৌক্তিকতাসহ অবশিষ্ট পদগুলি সৃজনের জন্য পুনরায় প্রস্তাব প্রেরণ করবেন। একই সাথে প্রেরিত প্রস্তাবের ফরওয়ার্ডিং এর একটি কপি পার-৪ শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করবেন।

০৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩-১০-২০২৬
মোঃ মুস্তাফিজুর রহমান
যুগ্মসচিব
ইমেইল : per@hsd.gov.bd

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩৩ / ১৩ অক্টোবর ২০২৬

নম্বর: ৪৫.০০.০০০০.০০০.১৫০.১৫.০০১৯.২০.৫০০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর।
২। পরিচালক (প্রশাসন), প্রশাসন শাখা, স্বাস্থ্য অধিদপ্তর।
৩। তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, (সকল)।
৪। ডা. শাহ মোহাম্মদ শরীফ, সিনিয়র এন্টোমোলজিস্ট, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ (সভার কার্যবিবরণীটি স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১৩-১০-২০২৬
সজীব আহমেদ
সিনিয়র সহকারী সচিব